

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জুন, ২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সভার কার্য বিবরণী।
সভাপতি : জনাব মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
সভার তারিখ : ২৪ জুন, ২০১৮। সময়ঃ দুপুর ১২.০০ টা।
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম গত ২৭/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সিদ্ধান্তসমূহ পাঠ করেন। উপস্থাপিত মে ২০১৮ এর কার্য বিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয় সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্য বিবরণীর উপর কোন সংযোজন বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্য বিবরণীতে কোন সংযোজন বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্য্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্তঃ

সভায় জেলা প্রশাসকের কার্যালয় উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় শূন্যপদ পূরণের তথ্য ছক আকারে উপস্থাপিত হয়:

অফিসের নাম	পদের নাম/শ্রেণি	মঞ্জুরীকৃত পদ	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা	সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি)	১	-	১	
	উপ-সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি)	১	১	-	
	কানুনগো (২য় শ্রেণি)	১	-	১	
	৩য় শ্রেণি	১৫	১৩	২	সার্ভেয়ার ও ট্রেসার পদ শূন্য
	৪র্থ শ্রেণি	৯	৯	-	
জেলা প্রশাসকের কার্যালয়ের এল. এ শাখা	অতিঃ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী)	১	১	-	
	কানুনগো (২য় শ্রেণি)	২	১	১	
	৩য় শ্রেণি	৮	৩	৫	অফিস সহকারী, সার্ভেয়ার ও ট্রেসার পদ শূন্য।
	৪র্থ শ্রেণি	১২	৫	৭	
উপজেলা ভূমি অফিস (৯)টি	সহকারী কমিশনার (ভূমি)	৯	৩	৬	কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী ও উলিপুর ব্যতিত ০৬টি উপজেলায় পদ শূন্য।
"	কানুনগো	৯	-	৯	
	সার্ভেয়ার	৯	৬	৩	
উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস	৩য় শ্রেণি	২১১	১৫৯	৫২	
	৪র্থ শ্রেণি	১৮৪	১৬৪	২০	চেইনম্যান-১০ জন, অফিস সহায়ক-১০ জন

সিদ্ধান্ত : জেলা প্রশাসকের কার্যালয় উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদসমূহ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় শূন্যপদের তথ্য ছক আকারে উপস্থাপিত হয়। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান জেলার ৯টি উপজেলার মধ্যে ০৭ টি উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) ও ৯ টি উপজেলায় কানুনগো, ০৩ টি উপজেলায় ৩ জন সার্ভেয়ার জেলা প্রশাসক, কুড়িগ্রাম কার্যালয়ের রাজস্ব শাখায় ১ জন এবং এল.এ শাখায় ২ জন সার্ভেয়ারের শূন্যপদ পূরণের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কার্যালয়ের ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৯.১৮-৫৯৩(৩)) নং স্মারকে ৩য় শ্রেণীর শূন্যপদ পূরণের জন্য ছাড়পত্র প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ৪র্থ শ্রেণীর শূন্যপদসমূহ পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য এ কার্যালয়ের ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৯.১৮-৪১২ নং স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে এবং রাজস্ব প্রশাসনের গতি অরূপিত করার লক্ষ্যে সভাপতি রাজস্ব প্রশাসনের ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্যপদসমূহ পূরণের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে জরুরি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন।

বাস্তবায়নেঃ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/২০১৬, ০১/২০১৭, ০২/২০১৭ ও ০৩/২০১৭ নম্বর মোট ০৪ (চার) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। ১/২০১৬ নম্বর মামলার তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। পরবর্তীতে অভিযুক্তকে ২য় কারণ দর্শানোর জন্য নথি পেশ করা হয়েছে। ০১/২০১৭ নং বিভাগীয় মামলার সদ্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে তদন্ত কার্যক্রম চলমান। ০২/২০১৭ নং বিভাগীয় মোকদ্দমার অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ০৩/২০১৭ নম্বর মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে তদন্ত কার্যক্রম চলমান। আলোচনান্তে সভাপতি সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করার জন্য তদন্তকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।	১। সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে ০১/২০১৭ ও ০৩/২০১৭ বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করে আগামী সভার পূর্বেই প্রতিবেদন দাখিল করতে হবে। ২। ০২/২০১৭ বিভাগীয় মামলার দ্রুত তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করতে হবে।	(১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) /রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা।

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণীঃ মে ২০১৮

ক্রঃ নং	নাম ও পদবি	কর্ম রত অফিসের নাম	মামলা নং ও দায়েরের তারিখ	তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ	তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১	মোঃ খালেদুজ্জামান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ	ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভুরুজামারী, কুড়িগ্রাম	০১/২০১৬ ২০/০৬/২০১৬	স্মারক নং-১২১২ তারিখঃ ২৮/০৯/১৭	জনাব সাধন কুমার বিশ্বাস সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট	তদন্তকারী কর্মকর্তা তদং প্রতিবেদন দাখিল করেছেন। পরবর্তীতে অভিযুক্তকে ২য় কারণ দর্শানোর জন্য নথি উপস্থাপন করা হয়েছে।
২	মোঃ তোফায়েল হোসেন নাজির কাম ক্যাশিয়ার	উপজেলা ভূমি অফিস নাগেশ্বরী, কুড়িগ্রাম	০৩/২০১৭ ০৩/১২/২০১৭	স্মারক নং- ২৫৪(৫) তারিখঃ ২৬/০২/১৮	জনাব মিজ ফাতেমা খাতুন সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট	তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। তদন্ত কার্যক্রম চলমান।
৩	মোঃ আব্দুর রহমান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ	ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, রাজিবপুর, কুড়িগ্রাম	০২/২০১৭ ২০/০৯/২০১৭	-	-	অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।
৪	মোঃ গোলাম মর্তুজা আল ফারুক ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা	ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, রাজিবপুর, কুড়িগ্রাম	০১/২০১৭ ২০/০৯/২০১৭	স্মারক নং- ১৭০(৫) তারিখঃ ০১/০২/১৮	জনাব রিফু বিকাশ চাকমা সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট	তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। তদন্ত কার্যক্রম চলমান।

৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভাপতি বলেন যে, পরিদর্শন বিষয়টি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত। ২০১৮ মাসের দর্শন পরিদর্শন প্রতিবেদন পর্য্য লোচনায় দেখা যায় মে ২০১৮ মাসে উপজেলা নির্বাহী অফিসার/কুড়িগ্রাম সদর, ভুরুজামারী, রাজারহাট, উলিপুর ও চিলমারী এবং সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ফুলবাড়ী ও উলিপুর, কুড়িগ্রামের প্রমাপ অর্জিত হয়েছে। প্রমাপ অর্জনকারী কর্মকর্তাগণকে সভাপতি ধন্যবাদ জানান। বার্ষিক কর্ম পরিকল্পনার আলোকে আগামীতে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করেন। সভাপতি গতানুগতিকভাবে বিভিন্ন উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন না করে সুনির্দিষ্ট বিষয়ের উপর পর্যালোচনা করে নিজস্ব মতামতসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। এ ছাড়া তিনি উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে তাঁর নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ ভূমি সংস্কার বোর্ডের নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন (সাত) কার্য দিবসের মধ্যে ই-মেইলে ও ফ্যাক্স-এ এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বে র পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখার জন্য অনুরোধ করেন। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখা, ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	১। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে সতর্ক থাকতে হবে। ২। ভূমি সংস্কার বোর্ডের ফরমেট মোতাবেক বার্ষিক কর্ম পরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বে র পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে। ৪। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখতে হবে এবং ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করতে হবে।	১-২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ৩-৪। সংশ্লিষ্ট (সকল)।

৪। ভূমি অফিসসমূহের কর্ম সম্পাদন/কর্ম তৎপরতা সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় উপজেলা পর্যায়ের রাজস্ব সভা সংক্রান্ত আলোচনা হয়। নাগেশ্বরী, চিলমারী, উলিপুর ও রাজিবপুর উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে, এছাড়া অন্য কোন উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী এ কার্য লইয়ে পাওয়া যায়নি মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। নাগেশ্বরী, চিলমারী, উলিপুর ও রাজিবপুর উপজেলা ছাড়া অন্য কোন উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী এ কার্য লইয়ে না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সহকারী কমিশনার (ভূমি) গণকে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ে প্রতিমাসে রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্য বিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে এ কার্য লইয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। যে সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী পাওয়া যাবে না পরবর্তীতে তাদেরকে কৈফিয়ত তলব করা হবে। সভাপতি মাসিক সভাসমূহ ফলপ্রসু ও কার্য করভাবে করার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সভাপতি পরামর্শ প্রদান করেন।	১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ে প্রতিমাসে রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্য বিবরণী পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে এ কার্য লইয়ে প্রেরণ করতে হবে। যে সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী পাওয়া যাবে না পরবর্তীতে তাদেরকে কৈফিয়ত তলব করতে হবে। ২। মাসিক সভাসমূহ ফলপ্রসু ও কার্য করভাবে করতে হবে। ৩। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম (২-৩)। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম

ভূমি অফিসসমূহের কর্ম সম্পাদন/কর্ম তৎপরতা সংক্রান্ত বিবরণীঃ মে ২০১৮

ক্রঃ নং	উপজেলা	উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ	সভার কার্য বিবরণীর স্মারক ও তারিখ	সভার কার্য বিবরণী এ কার্য লইয়ে প্রাপ্তির তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	কুড়িগ্রাম সদর	-	-	-	সভার কার্য বিবরণী পাওয়া যায়নি।
২	নাগেশ্বরী	০৫/০৬/২০১৮	৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.১৮-৫৩(৩০), তারিখঃ ০৬/০৬/১৮	১০/০৬/২০১৮	সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে।
৩	ভুরুজামারী	-	-	-	সভার কার্য বিবরণী পাওয়া যায়নি।
৪	ফুলবাড়ী	-	-	-	সভার কার্য বিবরণী পাওয়া যায়নি।
৫	রাজারহাট	-	-	-	সভার কার্য বিবরণী পাওয়া যায়নি।
৬	উলিপুর	০৩/০৬/২০১৮	৩১.০২.৪৯৯৪.০০০.০৩.০১২.১৭-৫০৮(২৫), তারিখঃ ০৩/০৬/২০১৮	২১/০৬/২০১৮	সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে।
৭	চিলমারী	২৮/০৫/২০১৮	৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.১৮-২৪৩(৯), তারিখঃ ০৮/০৬/১৮	১৪/০৬/২০১৮	সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে।
৮	রৌমারী	-	-	-	সভার কার্য বিবরণী পাওয়া যায়নি।
৯	রাজিবপুর	৩০/০৫/২০১৮	৩১.০২.৪৯০৪.০০০.০৩.০০৪.১৭-১৮৯(১০), তারিখঃ ১৭/০৬/১৮	২১/০৬/২০১৮	সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে।

৪। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ মেরামত সংক্রান্তঃ

আলোচনা				সিদ্ধান্ত	বাস্তবায়ন
চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে উপজেলা, পৌর ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের মেরামত ও সংরক্ষণ কাজের জন্য ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৩৫.০২৬.০৩৭.১৭-২৩, তারিখঃ ০৪/০১/২০১৮ খ্রিঃ মোতাবেক উপজেলা,পৌর ও ইউনিয়ন ভূমি অফিস মেরামতকল্পে কুড়িগ্রাম জেলার অনুকূলে ৫৫,৮০,৫৭৫/- (পঞ্চাশ লক্ষ আশি হাজার পাঁচশত পঁচাত্তর) টাকা প্রাপ্ত বরাদ্দ দ্বারা নিম্নবর্ণিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের মেরামতকল্পে দরপত্র বিজ্ঞপ্তির আলোকে ঠিকাদার নির্বাচন করে তাদের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজগুলো চলমান রয়েছে মর্মে উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট সভায় অবহিত করেন।				১। পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ (সর্ব শেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথ অনুসরণ ও প্রতিপালনকরতঃ এবং শর্তাবলী অনুসরণ করে ২০১৭-২০১৮ অর্থ বছরে উপজেলা, পৌর ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের মেরামত ও সংরক্ষণ কাজের জন্য প্রাপ্ত বরাদ্দ দ্বারা উপজেলা, পৌর ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ মেরামত ও সংরক্ষণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। ২। মেরামত ও সংরক্ষণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে নিয়মিত পরিদর্শনসহ সতর্ক দৃষ্টি রাখতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম। ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর কুড়িগ্রাম। ৩। উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট।
১	২	৩	৪		
১	কুড়িগ্রাম সদর	১। যাত্রাপুর ইউনিয়ন ভূমি অফিস ২। ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস	৩,৩৪,০০০/- ৪,৪৮,০০০/-		
২	নাগেশ্বরী	৩। মাদারগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ৪। নারায়নপুর ইউনিয়ন ভূমি অফিস ৫। চিলমারী উপজেলা ভূমি অফিস	২,৩০,০০০/- ৪,২৫,০০০/- ৪,৮৫,০০০/-		
৩	চিলমারী	৬। থানাহাট ইউনিয়ন ভূমি অফিস ৭। চিলমারী ইউনিয়ন ভূমি অফিস	৪,৮০,০০০/- ২,৩৫,০০০/-		
৪	ফুলবাড়ী	৮। বড়িটা ইউনিয়ন ভূমি অফিস	২,৯৩,০৭৩/-		
৫	রাজারহাট	৯।চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস ১০। বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস	২,৩৪,১৯৪/- ৪,৬৫,০০০/-		
৬	ভুরুজামারী	১১।ভুরুজামারী উপজেলা ভূমি অফিস ১২।ভুরুজামারী ইউনিয়ন ভূমি অফিস	২,৭২,৪০৫/- ২,৭০,৫৭৫/-		
৭	রৌমারী	১৩। রৌমারী উপজেলা ভূমি অফিস ১৪। শৌলমারী ইউনিয়ন ভূমি অফিস	২,৭৭,৭৪৮/- ৫,১০,৫৮০/-		
৮	উলিপুর	১৫। উলিপুর উপজেলা ভূমি অফিস ১৬। দুর্গাপুর ইউনিয়ন ভূমি অফিস ১৭। তবকপুর ইউনিয়ন ভূমি অফিস	২,২০,০০০/- ১,৬৫,০০০/- ২,৩৫,০০০/-		
	সর্ব মোঃ=		৫৫,৮০,৫৭৫/-		
সভাপতি আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক প্রাপ্তবরাদ্দ দ্বারা উপজেলা,পৌর ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ মেরামত ও সংরক্ষণ কাজ নির্ধারিতসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে নিয়মিত পরিদর্শনসহ সতর্ক দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।					

৫। অডিট সংক্রান্তঃ

আলোচনা				সিদ্ধান্ত	বাস্তবায়ন
জেলায় রাজস্ব প্রশাসনে মোট অডিট আপত্তির সংখ্যা ৮০ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থঃ পরিমাণ ২০৯৪১৩/১৮ টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরূপঃ				১। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) সকল কুড়িগ্রাম।
উপজেলার নাম	আপত্তির পরিমাণ	জড়িত টাকা	মন্তব্য	২। ৩০ জুন ২০১৮ এর মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায় উন্নীতকরতে হবে।	(২-৩)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।
কুড়িগ্রাম সদর	-	-		৩। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।	
নাগেশ্বরী	০৭	৪৩২৫৩			
ভুরুজামারী	-	-			
ফুলবাড়ী	৮	১০১০০			
রাজারহাট	১৩	৩৯৮৯৮			
উলিপুর	-	-			
চিলমারী	২৭	৮৯২২০			
রৌমারী	০৯	১১২২৩			
রাজিবপুর	১৬	১৯৭৬৭/১৮			
মোট	৮০	২০৯৪১৩/১৮			
প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায় যে, এ জেলায় রাজস্ব প্রশাসনে মোট অডিট আপত্তির সংখ্যা ৮০ টি। মে/২০১৮ মাসে কোন উপজেলা হতে ব্রডশীট জবাব পাওয়া যায়নি। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন। ৩০ জুন ২০১৮ এর মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায় উন্নীতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।					

৬। নামজারী মোকদ্দমা সংক্রান্তঃ

আলোচনা						সিদ্ধান্ত	বাস্তবায়ন	
নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী(১ম ভাগ)							১। নামজারী মোকদ্দমার রেজিস্টার সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। শেষ আদেশ সহকারী কমিশনার (ভূমি) গণকে স্ব-হস্তে লিখতে হবে। বিশেষ ক্ষেত্রে আদেশ কম্পিউটারে টাইপ করা হলে আমার কথিত মতে টাইপকৃত/ মুদ্রিত ও সংশোধিত লিখে স্বাক্ষর করতে হবে।	(১-৫)। উপজেলা নির্বাহী অফিসার(সকল) /সহকারী কমিশনার(ভূমি) (সকল)/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল) কুড়িগ্রাম।
উপজেলা	বিগত মাস পর্যন্ত ক্রমপঞ্জীকৃত অনিষ্পন্ন কেসের সংখ্যা	চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা	মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা	চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা	অনিষ্পন্ন কেসের সংখ্যা			
কুড়িগ্রাম সদর	৪১৭	১২০	৫৩৭	১৭৮	৩৫৯		(৬-৭)। সহকারী কমিশনার (ভূমি) (সকল)/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) কুড়িগ্রাম।	
নাগেশ্বরী	১৮	১০৭	১২৫	১১০	১৫			
ভুরুজামারী	২৫৭	৬৬	৩২৩	৭০	২৫৩			
ফুলবাড়ী	৫০	১৫২	২০২	১৩২	৭০			
রাজারহাট	১৪০	১১৬	২৫৬	১৭০	৮৬			
উলিপুর	৬০	-	৬০	৬০	-			
চিলমারী	০৪	১৪৯	১৫৩	১২৩	৩০			
রৌমারী	৩১০	৮০	৩৯০	৩৫	৩৫৫			
রাজিবপুর	-	-	-	-	-			
সর্বমোট	১২৫৮	৭৯০	২০৪৮	৮৭৮	১১৭০			
নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)							২। নামজারী মোকদ্দমার সংশ্লিষ্ট সকল আইন/ বিধি যথাযথভাবে অনুসরণপূর্বক রেকর্ড সৃজন রেজিস্টার রক্ষণাবেক্ষণ, হোল্ডিং সংশোধন ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
উপজেলা	চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা	মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা	চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা			অনিষ্পন্ন কেসের সংখ্যা	৩। নিষ্পত্তিকৃত নামজারীর ডিসিআর এর মাধ্যমে আদায়কৃত টাকা যথাযথভাবে জমা দানের বিষয়টি নিশ্চিত করতে হবে।	
			নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে	নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে	মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা	৪৫ দিনের নিম্নে		
কুড়িগ্রাম সদর	০৫	৫৭	-	০৫	০৫	৫২	৪। নামজারী মোকদ্দমাসমূহ আবেদনের ক্রম অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। জমির মালিকানা রেজিস্টারে সঠিকভাবে জমির পরিমাণ সংশোধন করাসহ হোল্ডিং সৃজন করে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে প্রতিবেদন দেয়ার জন্য নথিতে তারিখ নির্ধারণ করে দিতে হবে।	
নাগেশ্বরী	০৫	২০	-	১০	১০	১০	৫। জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।	
ভুরুজামারী	১২	২৪	-	১২	১২	১২	৬। এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সংশ্লিষ্ট সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
ফুলবাড়ী	১০	১০	-	১০	১০	-	৭। ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। বিষয়টি সহকারী কমিশনার(ভূমি)গণকে নিশ্চিত করতে হবে।	
রাজারহাট	১৫	৪৫	-	-	-	৪৫		
উলিপুর	-	-	-	-	-	-		
চিলমারী	২২	২৬	-	২১	২১	০৫		
রৌমারী	-	-	-	-	-	-		
রাজিবপুর	-	৩০	-	-	-	৩০		
সর্বমোট	৬৯	২১২	-	৫৮	৫৮	১৫৪		
সভাপতি নামজারী মোকদ্দমা যথাসময়ে নিষ্পত্তির জন্য ধারাবাহিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নামজারীর মামলা নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। সহকারী কমিশনার(ভূমি)গণকে উভয় খন্ডের নামজারী কেস নিষ্পত্তিতে অধিক তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। নামজারী কেস পেন্ডিং না রেখে সরকারের সর্বশেষজারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন এবং সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে কি না সে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারগণকে তদারকি করার জন্য সভাপতি অনুরোধ করেন। সহকারী কমিশনার (ভূমি) গণ সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত/আদেশ স্ব-হস্তে লিখবেন এবং খতিয়ান নিজ হাতে সংশোধন করবেন। ৪৫ দিনের উর্ধ্বে নামজারী মামলা কোনভাবে পেন্ডিং রাখা যাবে না, থাকলে তার কারণসহ কতটি নামজারী মামলা পেন্ডিং রয়েছে তা এ কার্যলয়কে অবহিত করার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে অনুরোধ করেন। তিনি জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।সভাপতি এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা জন্য উপজেলা নির্বাহী অফিসারসহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করেন এবং এল. নোটিশের ভিত্তিতে নামজারী মোকদ্দমা রুজু করে তা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। কোন অবস্থাতেই ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। বিষয়টি সহকারী কমিশনার (ভূমি)গণ নিশ্চিত করবেন।								

৭। ই-নামজারী মোকদ্দমা সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ভূমি মন্ত্রণালয় অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর ১৩/১২/২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২ ৮৪৯ নং স্মারকে জেলা রাজস্ব সভায় ই-নামজারী কার্যক্রম অর্ন্তভুক্ত করার নির্দেশনা রয়েছে। ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ক্রমান্বয়ে কুড়িগ্রাম জেলার উলিপুর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলায় ইতোমধ্যে ই-নামজারী (ই-মিউটেশন) কার্যক্রম শুরু করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় অবহিত করেন যে, ই-মিউটেশন সংক্রান্ত প্রতিবেদন উলিপুর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলা হতে পাওয়া গিয়েছে। এখন থেকে প্রতিমাসে নিয়মিত পৃথকভাবে ই-মিউটেশন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন ভূমি ব্যবস্থাপনায় ই-নামজারী সেবা একটি গুরুত্বপূর্ণ জনবান্ধব সেবা। ই-মিউটেশন প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই অথবা নিকটস্থ ডিজিটাল সেন্টারে গিয়ে নামজারীর জন্য আবেদন করতে পারেন এবং কম সময়ে, কম খরচে এবং ভোগান্তিবিহীন উক্ত সেবা গ্রহণ করতে পারেন। সভাপতি ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী জুন ২০১৮ মাসের মধ্যে কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় ই-নামজারী বাস্তবায়নের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করেন।	১। ই-নামজারী কেসের দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত বিবরণী ছক আকারে পৃথক পৃথকভাবে প্রতিমাসের ১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ২। ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী জুন/২০১৮ মাসের মধ্যে কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় ই-নামজারী বাস্তবায়ন করতে হবে।	১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

ই-নামজারী সংক্রান্ত বিবরণীঃ মে, ২০১৮ মাস

ক্রঃ নং	উপজেলার নাম	বিগত মাস পর্যন্ত ক্রমপঞ্জীভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা		চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা		মোট কেসের সংখ্যা		চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা		অবশিষ্ট অনিষ্পন্ন কেসের সংখ্যা		মন্তব্য
		১ম ভাগ	২য় ভাগ	১ম ভাগ	২য় ভাগ	১ম ভাগ	২য় ভাগ	১ম ভাগ	২য় ভাগ	১ম ভাগ	২য় ভাগ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	ফুলবাড়ী	৫০	-	১৫২	১০	২০২	১০	১৩২	-	৭০	-	ই-নামজারী সংক্রান্ত প্রশিক্ষণ কুড়িগ্রাম সদর উপজেলায় সম্পন্ন হয়েছে।
২	উলিপুর	১৬২	-	৮৬	-	২৪৮	-	৪৫	-	২০৩	-	
৩	রাজারহাট	১৪০	৩০	১১৬	১৫	২৫৬	৪৫	১৭০	-	৮৬	৪৫	
সর্ব মোট=		৩৫২	৩০	৩৫৪	২৫	৭০৬	৫৫	৩৪৭	-	৩৫৯	৪৫	

০৮(ক)। ২০১৭-১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায়(সাধারণ):

আলোচনা						সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলার নাম	মাসের নাম	দাবী	চলতি মাসের আদায়	পুঞ্জীভূত আদায়	আদায়ের হার	১। চলতি ২০১৭-১৮ অর্থ বছরের নির্ধারিত সাধারণের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে মে ২০১৮ মাসের মধ্যে ১০০% আদায় নিশ্চিতকল্পে কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে। ২। প্রয়োজনে ক্যাম্প স্থাপনপূর্বক মাইকিং করত ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে ভূমি উন্নয়ন কর প্রদানে জনগণকে সচেতন করে তুলতে হবে। ৩। চলতি অর্থ বছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী / চালান শতভাগ অনলাইনে যাচাইঅন্তে রেজিস্টারে লিপিবদ্ধ নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। (২-৩)। সহকারী কমিশনার (ভূমি) / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।
কুড়িগ্রাম সদর	মে/১৮	৫৭৮৩৩১১	৫১৬৪৭৫	৪৭০৯৮৯৪	৮১.৪৪%		
	মে/১৭	৫৬১৪০২৫	৭৯০৬৪০	৪৭৭০৬৮০	৮৪.৯৭%		
নাপেশ্বরী	মে/১৮	৩৬৯৪২৭১	৪৬৫৯৬৪	৩২৯৮৮৬২	৮৯.৩০%		
	মে/১৭	৩৬০৩২৮১	৫৯৭৪২৩	৩০৯৯৯৩৩	৮৬.০৩%		
ভূরুঙ্গামারী	মে/১৮	২৩১৪৩৬৩	৩০৭০৭৫	২৩২৪২২১	১০০.৪৩%		
	মে/১৭	২৩০২০১৮	১৭৯০১১	২২৫১৩৫২	৯৭.৮০%		
ফুলবাড়ী	মে/১৮	১৫৫৯৪১৭	১৮৮৬৬৪	১৮৬৯৬৮৭	৯৫.৪২%		
	মে/১৭	১৯৫২২৪৫	১২৩১৬৯	১৮৫২৮৩২	৯৪.৯০%		
রাজারহাট	মে/১৮	২৮১০৪৯৬	১৮৪৩৬১	২৬৪৭৬৮৪	৯৪.২১%		
	মে/১৭	২৩৮১২৫২	১৪৫৮৩৮	২৪৫০১১০	১০২.৮৮%		
উলিপুর	মে/১৮	৪৪৫৬৬৪৪	৩২১৭৬৬	৩৯২২৭০৪	৮৮.০২%		
	মে/১৭	৪২২৪৮৫২	৬২১৫৯১	৩৮৮৮৫০৪	৯২.২৫%		
চিলমারী	মে/১৮	১৩৮৯২৬২	২১২৯৫২	১৩১৭৬৮২	৯৪.৮৫%		
	মে/১৭	১২৭৩২২৫	১২৫০৮৪	১১৫৮৩৬৫	৯০.৯৭%		
রৌমারী	মে/১৮	৩৭৪৫৯৫৯	১৬৬৭২৯	৪০৭৪৩১৩	১০৮.৭৭%		
	মে/১৭	৩৪০১৫৭৪	২৪৮৭৫৬	৩৮০৫৪৯৭	১১১.৮৭%		
রাজিবপুর	মে/১৮	১৩৫০৬৮০	৮৭০৭০	১২৫৮৩০৮	৯৩.১৬%		
	মে/১৭	১৩৮২৬০০	১৪৪০৯২	১২৯১৩৬৫	৯৩.৪০%		
সর্ব মোট	মে/১৮	২৭৫০৪৪০৩	২৪৫১০৫৬	২৫৪২৩৩৫৫	৯২.৪৩%		
	মে/১৭	২৬১২৫১৬২	২৯৭৫৬০৪	২৪৫৬৮৩৮	৯৪.০৪%		

প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, গত বছরের তুলনায় আদায় কিছুটা বেশী হলেও নির্ধারিত টার্গেট অনুযায়ী আদায়ের হার মে/১৮ মাসে ১০০% ছিল যা ভূরুঙ্গামারী ও রৌমারী ব্যতীত অন্য কোন উপজেলায় পূরণ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৭-১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবি মোতাবেক জুন ২০১৮ মাসের মধ্যে ১০০% আদায় নিশ্চিতকল্পে কর্ম পরিকল্পনা প্রস্তুত করে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) অনুযায়ী লক্ষ্যমাত্রা পূরণের জন্য আদায়ে তৎপর হতে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) সকলকে পরামর্শ প্রদান করেন। প্রয়োজনে ক্যাম্প স্থাপনপূর্বক মাইকিং করত ব্যাপক প্রচারের মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদানে জনগণকে সচেতন করে তোলার পরামর্শ প্রদান করেন। এছাড়া চলতি অর্থ বছরে আদায়কৃত টাকার হিসাব বিবরণী/ চালান শতভাগ অনলাইনে যাচাইঅন্তে রেজিস্টারে লিপিবদ্ধ করতে সহকারী কমিশনার (ভূমি)/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনাদান করেন।

০৮(খ)। ২০১৭-১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা):মে ২০১৮

আলোচনা						সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলার নাম	মাসের নাম	দাবী	চলতি মাসের আদায়	পুঞ্জীভূত আদায়	আদায়ের হার	১। সংস্থার ভূমি উন্নয়ন কর বাবদ অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে বিভিন্ন কৌশল অবলম্বন করতে হবে।	(১-২)। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।
কুড়িগ্রাম সদর	মে/১৮	৩৪১৪৪৮৯	৬৫০১৫	৪২১৩৩৬	১২.৩৪%	২। মন্ত্রণালয়ভিত্তিক উপজেলা পর্যায়ের বিভিন্ন সংস্থা প্রধানদের দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
	মে/১৭	৩১৩৭৯১২	২১৫৪৬৬	৩৯৫৩৬৮	১২.৬০%		
নাগেশ্বরী	মে/১৮	৪৫৪৮৪৪	৫১৯০	৮৪৮২৬	১৮.৬৫%	৩। সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের তৎপরতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থার স্থানীয় প্রতিনিধির সাথে ফোনালাপের মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	
	মে/১৭	৫০৯২১৬	৭১৭৪	৬৬৬৯৯	১৩.০৯%		
ভুরুঙ্গামারী	মে/১৮	৪০৮৮২১	৮২৪০	৫৪২৪৯	১৩.২৭%		
	মে/১৭	৩৯৪০৯৫	৩৬৪৪	৩৬৪৪	০০.৯২%		
ফুলবাড়ী	মে/১৮	২৩৮২০৮	৩৩৯৩৮	৬৬৭৭৩	২৮.০৩%		
	মে/১৭	১৬৭৭৯৭	২২৮০	২০৭২০	১২.৩৪%		
রাজারহাট	মে/১৮	৪৩০৭৪০৫	৪০৩৮০	১১৯৪৯৩	০২.৭৭%		
	মে/১৭	৪১৭০৭৮৮	১৩১৬৮	৫২৫৫২	০১.২৬%		
উলিপুর	মে/১৮	৬৩৮০৫৬৭	২৪০০০	১০২০৪১	০১.৬০%		
	মে/১৭	৫৫৩৪৯৬৬	২৫৩৬২	২২৪৪৯৬	০৪.০৫%		
চিলমারী	মে/১৮	৩৯৯৭২০	৬২০৪	১৬০১৫১	৪০.০৭%		
	মে/১৭	৩৪৫১১০	৭৪৯৫৭	২৪৩১৩৫	৭০.৪৫%		
রৌমারী	মে/১৮	১৪১৪৩৮	৩২৩৩০	৩৫৮৩০	২৫.৩৩%		
	মে/১৭	২০৬৪২০	৪১৮৬২	৪৩৮৬২	২১.২৪%		
রাজিবপুর	মে/১৮	১০৮৫৯৪	-	১২৫৯৭	১১.৬০%		
	মে/১৭	৭৩৮৪৪	৩৭৭০	২৯২৭২	৩৯.৬৪%		
সর্ব মোট	মে/১৮	১৫৮৫৪০৮৬	২১৫২৯৭	১০৫৭২৯৬	০৬.৬৭%		
	মে/১৭	১৪৫৪০১৪৮	৩৮৭৬৮৩	১০৭৯৭৪৮	০৭.৪২%		
<p>প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, গত ২০১৬-২০১৭ অর্থ বছরে মে/২০১৭ মাসে সংস্থার আদায় ছিল ৩,৮৭,৬৮৩/- টাকা এবং চলতি অর্থ বছরে মে/২০১৮ মাসে আদায় হয়েছে ২,১৫,২৯৭/- টাকা। গত বছর মে/২০১৭ মাস পর্যন্ত পুঞ্জীভূত আদায় ছিল ১০,৭৯,৭৪৮/- টাকা আদায়ের হার ০৭.৪২%। এ বছর এ যাবৎ পুঞ্জীভূত আদায় ১০,৫৭,২৯৬/-টাকা। আদায়ের হার ০৬.৬৭%।</p> <p>সংস্থার আদায়ের বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সংস্থার ভূমি উন্নয়ন কর বাবদ অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে তিনি বিভিন্ন কৌশল অবলম্বন করার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি উপজেলা পর্যায়ের বিভিন্ন সংস্থার প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রদান করে অনুলিপি এ অফিসে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ জানান। যে সকল সংস্থা এখনও ভূমি উন্নয়ন কর পরিশোধ করেনি সে সকল সংস্থার প্রধানকে নিয়ে আলোচনার মাধ্যমে ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং সংস্থার প্রধানদের সাথে ফোনালাপের মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন।</p>							

০৯। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান ২০১৭-২০১৮ অর্থ বছরে অর্পিত সম্পত্তির মোট দাবি ৮,৫৪,৫৭৬/- টাকা। চলতি মাসে আদায় ১৬,৯৪৫/- টাকা এবং পুঞ্জীভূত আদায় ২,৫০,৯২৪/- টাকা। আদায়ের হার ২৯.৩৬%। আদায়ের হার সন্তোষজনক নয় মর্মে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।</p> <p>সভাপতি, লীজগ্রহীতাদের ছবিসহ তালিকা/ডাটাবেইস প্রস্তুতের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা এবং যারা লীজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন। তিনি অর্পিত সম্পত্তি লিজ নবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং লিজ নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।</p> <p>ভিপি নথির উপর নোটিশ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। উপজেলা ভূমি অফিসের ভিপি নথির কার্যক্রম হালনাগাদ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন। দীর্ঘ দিন যাবৎ যে সকল লীজগ্রহীতা লিজম্যানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহীতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লিজ প্রদান করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। লিজবহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে সভায় অনুরোধ করা হয়। জেলা ও উপজেলা হতে লীজম্যানি আদায় করতে অনুরোধ করেন।</p>	<p>১। লিজকৃত অর্পিত সম্পত্তির জন্য আলাদা আলাদা তালিকা প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লিজিদের ছবিসহ তালিকা/ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভিপি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায় উন্নীত করতে হবে।</p> <p>২। লিজ নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।</p> <p>৩। দীর্ঘ দিন যাবৎ যে সকল লিজগ্রহীতা লিজম্যানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহীতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।</p> <p>৪। ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা প্রেরণ করতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদের এবং যারা লিজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।</p> <p>৫। জেলা ও উপজেলা হতে লিজম্যানি আদায় করতে হবে।</p>	<p>(১-৩)। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।</p> <p>(৪-৫)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।</p>

10। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায় এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৪ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভুক্ত হাটবাজারের সংখ্যা ১৪১ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্য্যালোচনায় দেখা যায় উলিপুর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৭টি, কুড়িগ্রাম সদরে ০৯ টি, রাজারহাটে ০৩টি, রৌমারীতে ০৪ টি সহ মোট ২৩ টি হাটের পেরিফেরি হয়নি। কুড়িগ্রাম সদর উপজেলার ০৯ টি হাটের মধ্যে ০১ টিতে আদালতে মামলা থাকায় ও ০১ টি নদী-ভাঙ্গনকবলিত হওয়ায় পেরিফেরিভুক্তকরণ সম্ভব হয়নি মর্মে সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর প্রতিবেদনে জানিয়েছেন। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, বিগত কয়েক মাসের কার্য বিবরণীপর্য্যালোচনায় দেখা যায় যে, কোন উপজেলা হতে পেরিফেরি প্রস্তাব পাওয়া যায়নি। কুড়িগ্রাম সদর, উলিপুর,রাজারহাট ও রৌমারী উপজেলায় যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি তাঁর উপজেলার সার্ভেয়ার ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা দ্বারা সরেজমিন তদন্ত করে সকল তথ্য উপাংশসহ সম্ভাব্য সংখ্যক সেসব হাটের পেরিফেরি অনুমোদনের প্রস্তাব জরুরিভিত্তিতে এ কার্য লিয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন। হাট পেরিফেরিভুক্ত না হওয়ার ফলে সরকার রাজস্ব হারাচ্ছে। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। উপজেলাভিত্তিক হাট পেরিফেরির বিস্তারিত তথ্য আগামী সভার পূর্বে ই এ অফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন।তিনি হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রমগ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদপূর্বক বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। বিবেচ্য মাসে উলিপুর উপজেলা ছাড়া অন্য কোন উপজেলা হতে বন্দোবস্ত নথি এ কার্য লিয়ে না পাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি আগামী সভার পূর্বে ই প্রতিটি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে বন্দোবস্ত নথি এ অফিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে পুনরায় নির্দেশনা প্রদান করেন।</p>	<p>১। যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি নীতিমালা অনুযায়ী সেসব হাটের পেরিফেরি কার্যক্রমদ্রুত সম্পন্ন করতে হবে। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণ করতে হবে। উপজেলাভিত্তিক হাট পেরিফেরির বিস্তারিত তথ্য আগামী সভার পূর্বে ই এ অফিসে প্রেরণ করতে হবে।</p> <p>২। হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৩। কোন হাটের পেরিফেরি করার ক্ষেত্রে সমস্যা থাকলে মিস কেস রুজু করে শুনানীর মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪। আগামী সভার পূর্বে ই প্রতিটি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে বন্দোবস্ত নথি এ অফিসে প্রেরণ করতে হবে।</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।</p> <p>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার(সকল)/ রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম।</p> <p>(৩-৪)। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম।</p>

১১। জলমহাল সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
রেভিনিউ ডেপুটি কালেক্টর জানান এ জেলায় ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৫৩টি। তন্মধ্যে উন্মুক্ত ২৩টি এবং বদ্ধ ৩০টি। ইজারাযোগ্য ৩০টি জলমহালের মধ্যে মন্ত্রণালয় হতে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ৯টি। এ কার্য লায়হতে ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ১১টি। ইজারা প্রদানযোগ্য জলমহালের সংখ্যা ০৪টি। অবশিষ্ট ০৬টি জলমহালের মধ্যে মামলা চলমান ০৩ টিতে, ভরাত হওয়ার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে ০১ টিতে এবং নদীগর্ভে বিলীন ২ টি। ইজারা প্রদানকৃত ১১টি জলমহাল হতে ১৪২৪ বাংলা সনের প্রাপ্ত আয় ৭০,৭১,৫৬৩/- টাকা। ২০ (বিশ) একরের নিম্নে মোট জলমহালের সংখ্যা ৯৫ টি। ইজারা বহির্ভূত কোন জলাশয় থাকলে নীতিমালা অনুযায়ী সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করেন। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর উপস্থাপন করবেন। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে উপজেলা নির্বাহী অফিসারগণকে এ কার্য লায়হপ্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	১। ২০ একরের নিচের যে সব জলমহালের ইজারা প্রদান সম্ভব হয়নি সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে। ২। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় উপস্থাপন করতে হবে। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে এ কার্য লায়হে প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম /রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।

১২। এল এ কেস সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম জানান, ১৯৪৮ সনের জরুরী হুকুম দখল আইনের আওতায় মোট এল, এ কেসের সংখ্যা ৩৮৪টি, গেজেটে প্রকাশিত এল এ কেসের সংখ্যা ১৬৯টি। গেজেটে প্রেরণকৃত এল এ কেসের সংখ্যা ১৬৯টি। বাতিলকৃত এল, এ কেসের সংখ্যা ০৬টি। ৪৮টি অনিষ্পন্ন এল এ কেসের প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র চেয়ে প্রত্যাশী সংস্থা বরাবর পত্র দেয়া হয়েছে মর্মে অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা জানান। সভাপতি প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র প্রেরণের জন্য তাগিদ পত্র প্রদানের পরামর্শ দেন। গেজেটে প্রকাশিত ১৬৯ টি কেসের মধ্যে ৩৩ টি কেসের নামজারী করা হয়নি, অবশিষ্ট কেসের গেজেটের কপি সংগ্রহ সাপেক্ষে নামজারী করা হবে মর্মে অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা জানান। গেজেটে প্রকাশিত যে সকল এল, এ কেসের তফসিলভুক্ত সম্পত্তির নামজারী হয়নি সে সকল এর, এ কেসের তফসিলভুক্ত সম্পত্তি নামজারী কার্যক্রম গ্রহণপূর্বক আগামী সভার পূর্বে নিষ্পত্তিকরণের ৩। এল, এ শাখায় রক্ষিত এল, এ কেসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন প্রেরণের জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তাকে অনুরোধ করেন। আলোচনান্তে সভাপতি গেজেট সংগ্রহপূর্বক দ্রুত নামজারির ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। সভাপতি গেজেটে প্রেরণকৃত এল এ কেসের বিষয়ে সংশ্লিষ্ট অফিসে পত্র প্রদানের জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তা কুড়িগ্রামকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় ৩৩৩টি এল, এ কেসের মধ্যে গেজেটে প্রকাশিত এল, এ কেসের সংখ্যা ২৯০টি। গেজেটে প্রেরণকৃত এল এ কেসের সংখ্যা ৩২টি। চলমান এল, এ কেসের সংখ্যা ১১টি। গেজেটে প্রকাশিত ২৯০টি এল, এ কেসের মধ্যে ২৭২ টির নামজারী সম্পন্ন হয়েছে মর্মে সভায় জানানো হয়। গেজেটে প্রেরিতকেসগুলির মধ্যে ইতোমধ্যে গেজেটে প্রকাশিত হয়েছে কি না সে বিষয়ে খোঁজ নেয়া হচ্ছে। সভাপতি এল, এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারী সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।এল,এ কেসের রেজিস্টার হালনাগাদ রাখার জন্যও নির্দেশনা প্রদান করেন।এল, এ শাখায় রক্ষিত এল, এ কেসের গেজেটসমসূহ জেলা ওয়েব পোর্টাল (www.kurigram.gov.bd) এ আপলোড করার জন্য অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।	১। ১৯৪৮ সনের যে ৪৮টি অনিষ্পন্ন এল এ কেস আছে তার গেজেট সংগ্রহপূর্বক দ্রুত নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করতে হবে। ২। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিষ্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। এল, এ শাখায় রক্ষিত এল, এ কেসের গেজেটসমসূহ জেলা ওয়েব পোর্টাল(www.kurigram.gov.bd) এ আপলোড করতে হবে।	(১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা কুড়িগ্রাম। ৩। অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা কুড়িগ্রাম।

১৩। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা: মে ২০১৮

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্য্যালোচনায় দেখা যায় মে/২০১৮ মাস পর্য্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১০৫০ টি, সরকার পক্ষে নিষ্পত্তি ১১ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১০৩৯ টি, আপিল মামলা ১১৯ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ১০০২টি, সরকার পক্ষে নিষ্পত্তি ১৩ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১০০২ টি, এবং আপিল ০৩টি। মে ২০১৮ মাসে সরকারের বিপক্ষে কোন মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি ইতোপূর্বে সরকারের পক্ষে রায় হওয়া মামলাভুক্ত জমির দখল সরকারের অনুকূলে গ্রহণ করে আগামী সভায় তার তথ্য উপস্থাপনের জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন। এ ছাড়াও সরকার বিপক্ষে রায়/ডিক্রীকৃত মামলাসমূহ তামাদি মেয়াদের মধ্যেই ছানি/আপীল/রিভিশন দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার বিষয়ে আদালতে সাক্ষ্য দিতে আসার আগে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে অবগত করার নির্দেশনাও প্রদান করেন। সভাপতি ০১(এক) মাসের অধিক পেন্ডিং এস,এফ আগামি সভার পূর্বে উপজেলা পর্য্যায় নিষ্পত্তি করে শূন্যের কোটায় নিয়ে আসা নিশ্চিত করতে এবং পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার পরিপ্রেক্ষিতে দ্রুত রেকর্ড সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি সহকারী কমিশনার, রেকর্ড রুম শাখাকে পরামর্শ প্রদান করেন। এস এফ শুধুমাত্র অগ্রায়ন পত্রে সীমাবদ্ধ না রেখে সরকারি স্বার্থ থাকা/ না থাকার বিষয়টি বিস্তারিত বিবরণে উল্লেখ করা সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করতে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে অনুরোধ করেন। তিনি এস এফ প্রেরণে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। সভাপতি মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব প্রেরণের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করেন। মাসিক জেলা রাজস্ব সম্মেলনে বিজ্ঞ জিপি ও ভিপি কৌশলী, কুড়িগ্রামকে নিয়মিত উপস্থিত থাকার জন্য সভাপতি অনুরোধ করেন।	১। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় নিম্ন আদালতের রায় যেন বিচক্ষণতার সাথে আইনের যথাযথ ধারা উল্লেখ করা হয় সেদিকে খেয়াল রাখতে হবে। ২। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার ক্ষেত্রে সরকার পক্ষে মামলা পরিচালনায় কোন ত্রুটি বা গাফিলতি আছে কিনা তা খতিয়ে দেখতে হবে এবং মামলাগুলো নির্ধারিত সময়ের মধ্যে যথাশীঘ্র আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকারের বিপক্ষে রায় হলে দ্রুত আপীল দায়ের করতে হবে। ৩। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার ব্যাপারে বিজ্ঞ সরকারি কৌশলীরসাথে এস,এফ বিষয়ে সতর্কতার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং বিজ্ঞ সরকারি কৌশলীর সাথে সমন্বয় করতে হবে। ৪। এস এফ গুরুত্ব সহকারে লিখতে হবে এবং তাতে সি এস, এস এ ও আর এস রেকর্ড এর তথ্য সন্নিবেশিত করতে হবে এবং সাক্ষ্য দেওয়ার আগে আর এম শাখা হতে তথ্য সংগ্রহ করে সাক্ষ্য দেবার পর পুনরায় আর এম শাখাকে অগ্রগতি অবহিত করতে হবে। ৫। ১ মাসের অধিক পেন্ডিং এস এফ আগামি সভার পূর্বেই শূন্যের কোটায় নামিয়ে এনে অগ্রগতি প্রতিবেদন এবং অবশিষ্ট পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করতে হবে। ৬। এস এফ শুধুমাত্র অগ্রায়ন পত্রে সীমাবদ্ধ না রেখে সরকারি স্বার্থ থাকা/ না থাকার বিষয়টি বিস্তারিত বিবরণে উল্লেখ করা সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করতে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে অনুরোধ করেন। ৭। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিত করতে হবে। ৮। মাসিক জেলা রাজস্ব সম্মেলনে বিজ্ঞ জিপি ও ভিপি কৌশলী, কুড়িগ্রামকে নিয়মিত উপস্থিত থাকতে হবে।	(১-২)। বিজ্ঞ সরকারি কৌশলী, কুড়িগ্রাম। ৩। সহকারী কমিশনার (ভূমি) /সহকারী কমিশনার (আর,এম) / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা(সকল), কুড়িগ্রাম। (৪-৫)। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম। (৬-৭)। সহকারী কমিশনার (ভূমি) সকল, কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি সহকারী/ উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম/ সংশ্লিষ্ট সহকারী। ৮। বিজ্ঞ জিপি ও ভিপি কৌশলী, কুড়িগ্রাম।

১৪। রেন্ট সার্টি ফিকেট মামলা সংক্রান্ত

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় রেন্ট সার্টি ফিকেট মামলার বর্ধিত তথ্য অনুযায়ী দেখা যায় মে ২০১৮ মাস পর্য্যন্ত অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টি ফিকেট মামলার সংখ্যা ১০২টি, বিপরীতে দাবির পরিমাণ ১৫,৬৩,৭৮৭/-টাকা। চলতি মাসে কোন উপজেলায় মামলা নিষ্পত্তি হয়নি। কোন উপজেলায় রেন্ট সার্টি ফিকেট মামলা নিষ্পত্তি না হওয়ার কারণে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। কোন উপজেলায় রেন্ট সার্টি ফিকেটমামলা দায়ের না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টি ফিকেট মামলাদ্রুততম সময়ে নিষ্পত্তিকরণে এখন থেকে সপ্তাহে ০১ দিন ধার্য করে রেন্ট সার্টি ফিকেট আদালতের কার্যক্রম পরিচালনার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করেন। সঠিক সময়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ, মামলা নিষ্পত্তিকরণ, উভয় পক্ষের শুনানী গ্রহণান্তে মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করা হয়। সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে রেন্ট সার্টি ফিকেটমামলা দায়ের নিশ্চিত করার জন্য সার্টি ফিকেট অফিসারগণকে অনুরোধ করেন। উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টি ফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়া সহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। তিনি রেন্ট সার্টি ফিকেট মামলাভুক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বরত/পরিদর্শনকারী কর্মকর্তাকে অনুরোধ করেন।	১। রেন্ট সার্টি ফিকেট মামলার নিষ্পত্তিকরণে সপ্তাহে ০১ দিন আলাদাভাবে ধার্য করে আদালতের কার্যক্রম পরিচালনা করতে হবে। ২। অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টি ফিকেট মামলার ৭০% চলতি অর্থ বছরে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। ৩। সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে ভূমি উন্নয়ন কর আদায়ের স্বার্থে যথাসময়ে রেন্ট সার্টি ফিকেট মামলা দায়ের করার জন্য সার্টি ফিকেট অফিসারগণ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। ৪। কোন উপজেলায় রেন্ট সার্টি ফিকেট দায়ের না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে হবে এবং বড় বড় বকেয়াধারীদের বিরুদ্ধে রেন্ট সার্টি ফিকেটমামলা দায়ের করতে হবে। ৫। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টি ফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগীসহ হওয়া সহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। ৬। রেন্ট সার্টি ফিকেট মামলাভুক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করতে হবে।	১-৩। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ৪। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা।

১৫। জেনারেল সার্টি ফিকেট মামলা সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় জেনারেল সার্টি ফিকেট মামলা সংক্রান্ত বিবরণী পর্য্য আলোচনায় দেখা যায় যে মে ২০১৮ মাস পর্য্যন্ত মোট মোকদ্দমার সংখ্যা ২৭৬৩ টি, বিপরীতে দাবির পরিমাণ ১৬,৩৫,৪৬,৫৭৭/৬৪ টাকা। চলতি মাসে জেলা প্রশাসকের কার্য্যালয় কুড়িগ্রাম এ ১০ টি, নাগেশ্বরী উপজেলায় ০১ টি, উলিপুর উপজেলায় ০২ টি চিলমারী উপজেলায় ০১ টি সহ মোট ১৪ টি মামলা নিষ্পত্তি হয়েছে। নিষ্পত্তিকৃত মামলার বিপরীতে আদায় ২৫,৫৬,৭৯৩/৫০ টাকা। বিস্তারিত আলোচনান্তে সভাপতি অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণে উপজেলা নির্বাহী অফিসারগণকে সুবিধামত সপ্তাহে ০১ দিন ধার্য করে সার্টি ফিকেট আদালত পরিচালনা করার পরামর্শ প্রদান করেন এবং মাসে কমপক্ষে ৫টি করে মামলা নিষ্পত্তি করার লক্ষ্য নির্ধারণের পরামর্শ প্রদান করেন। সার্টি ফিকেট মামলায় এডভালুরামকার্ট ফি ঠিকমত নেয়া হয় কিনা এবং পাল্স করা হয় কিনা তা যথাযথভাবে দেখতে জেনারেল সার্টি ফিকেট অফিসারকে পরামর্শ প্রদান করা হয়। সভাপতি বলেন যে, জেনারেল সার্টি ফিকেট মামলা নিষ্পত্তির বিষয় উপজেলা কৃষি ঋণ কমিটির সভায় গুরুত্ব সহকারে আলোচনা করা যেতে পারে। এ লক্ষ্যে তিনি উপজেলা কৃষি ঋণ কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। জেনারেল সার্টি ফিকেট মামলার নিষ্পত্তির হার বৃদ্ধিসহ সার্টি ফিকেট মামলাভুক্ত চিহ্নিত শীর্ষ খাতকদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেন। জেনারেল সার্টি ফিকেট মামলা সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিষ্পত্তির আবেদন থাকলে তা নিষ্পত্তি করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।	১। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টি ফিকেট মামলাসমূহ হতে মাসে কমপক্ষে ৫ টি করে মামলা নিষ্পত্তি করতে হবে। ২। সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে। ৩। সার্টি ফিকেট মামলায় এডভালুরামকার্ট ফি ঠিকমত নেয়া হয় কিনা এবং পাল্স করা হয় কিনা তা যথাযথভাবে যাচাই করে দেখতে হবে। ৪। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটির সভা করতে হবে। ৫। জেনারেল সার্টি ফিকেট মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং শীর্ষ খাতকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। ৬। সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিষ্পত্তির আবেদন থাকলে তা নিষ্পত্তি করতে হবে।	(১-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টি ফিকেট অফিসার কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। (৪-৬)। সংশ্লিষ্ট সকল।

১৬। মিস মোকদ্দমা সংক্রান্তঃ

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেনঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
মিস কেস নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কুড়িগ্রাম সদর, ভুরুজামারী, উলিপুর ও রৌমারী উপজেলায় মিস কেস নিষ্পত্তির হার কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিমত ব্যক্ত করেন। সে প্রেক্ষিতে তিনি সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান। সভাপতি অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেন।	১। মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থেকে সঠিকভাবে নামজারী করতে হবে। ২। অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।	১-২। সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রাম।

মিস মোকদ্দমা সংক্রান্ত মে/২০১৮ মাসের বিবরণীঃ

ক্রঃ নং	উপজেলার নাম	পূর্ব বর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা	মোট মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা	মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	কুড়িগ্রাম সদর	১৯৫	০৪	১৯৯	০৭	৮২	১১৭
২	নাগেশ্বরী	৬২	০৩	৬৫	০৬	১২৭	৫৯
৩	ভুরুজামারী	৫৮০	-	৫৮০	২৮	২২২	৩৫৮
৪	ফুলবাড়ী	৩৭	-	৩৭	-	১৩	৩৭
৫	রাজারহাট	১২	-	১২	০১	১৪	১১
৬	উলিপুর	১০৪	০৮	১১২	১১	১৪২	১০১
৭	চিলমারী	০২	-	০২	-	১২	০২
৮	রৌমারী	৫৭	৩	৬০	-	৩৩	৬০
৯	রাজিবপুর	২৯	-	২৯	-	০১	২৯
	সর্ব মোট	১০৪০	১৮	১০৫৮	৫৩	৬৪৬	১০৮৫

১৬। বিবিধঃ

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তগৃহীত হয়:

- (১) প্রতিমাসে ০১ (এক) টি মৌজার খাস জমির অবৈধ দখলকারের তালিকা এবং খাস জমির বর্তমান অবস্থা সম্পর্কে সরেজমিন হালনাগাদ তথ্য প্রদানপূর্ব্বক কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়েছিলো, কিন্তু কোন উপজেলা হতে অদ্যাবধি তথ্য না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। চাহিত তথ্য নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য তিনি সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পুনরায় অনুরোধ করেন।
- (২) সভায় ভূমি ব্যবস্থাপনার রেকর্ড ও রেজিস্টার ব্যবহার ও তা যথাযথ নিয়ম সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি ছেড়া ও ব্যবহার অনুপযোগী রেজিস্টার-১ এর তালিকা প্রণয়নপূর্ব্বক পুনর্গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন।
- (৩) অর্পিত সম্পত্তির রেজিস্টার-২ এ ব্যবহারভিত্তিক দাবি নির্ধারণপূর্ব্বক আদায় করার জন্য নির্দেশনা প্রদান করেন।
- (৪) ভূমি সংস্কার বোর্ড,ঢাকা ও বিভাগীয় কমিশনারের কার্যালয় রংপুর বিভাগ, রংপুরে ভূমি উন্নয়ন করের দাবী ও আদায়,বিবিধ আদায়,রেন্ট সার্টিফিকেটামলা, নামজারী মামলা, মিস মোকদ্দমা,অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত মাসিক বিবরণীসহ আন্যান্য বিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিতব্য মাসিক সকল রিপোর্ট রিটার্ন প্রতিমাসেই তারিখের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্যসংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।
- (৫) বিভিন্ন উপজেলায় আইনগতভাবে বালুমহাল করা যায় কি না এ বিষয়টি পুনরায় খতিয়ে দেখার জন্য সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের এবং স্ব স্ব কার্যালয়ে আগত জনসাধারণকে প্রদত্ত সেবার মানোন্নয়নে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোহাঃ সুলতানা পারভীন)

জেলা প্রশাসক

কুড়িগ্রাম।

পলপ্রজ্ঞাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নং-৩১.৪৭.৪৩০০.০০৬.০৩.০০১.১৮-৭৬৭(১০)

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৫
১১ জুলাই, ২০১৮

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল, রংপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), কুড়িগ্রাম।
- ৭। আরডিসি/ডিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ৮। জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
- ৯। সহকারী কমিশনার (ভূমি).....(সকল), কুড়িগ্রাম।
- ১০। সহকারী কমিশনারশাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ১১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। তাকে কার্যবিবরণীটি জেলা প্রশাসক মহোদয়ের ই-মেইল থেকে সভার সকল সদস্যগণকে ই-মেইল করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। তাকে কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম (তাকে নির্ধারিত তারিখে যথাসময়ে সভায় মাইক সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার.....(সকল), কুড়িগ্রাম।
- ১৫। বিজ্ঞ সরকারি কৌশলি, কুড়িগ্রাম।
- ১৬। বিজ্ঞ ভিপি কৌশলি, কুড়িগ্রাম।
- ১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, কুড়িগ্রাম।
- ১৮। উপ-সহকারী প্রকৌশলী, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ১৯। জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/রাজস্ব/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
- ২১। সংস্থাপন সহকারী/জমা সহকারী/বন্দোবস্ত সহকারী/অডিট সহকারী/সামরাস্ত সহকারী/ভিপি সহকারী, কুড়িগ্রাম কালেক্টরেট।
- ২২। অফিস কপি।

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
কুড়িগ্রাম।

ফোন: ০৪৮১-৬১৫২১(অঃ)

ই-মেইল: aderkurigram@mopa.gov.bd